বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি

# নিউজ লেটার

প্রকাশনা ০৩ । সেপ্টেম্বর - ডিসেম্বর ২০১৪

## সম্পাদকীয় ও চেয়ারম্যানের বক্তব্য



বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতির বর্তমান পরিষদ বিগত বছর গুলো সফলভাবে পার করেছে বলে আমার বিশ্বাস। এই পরিষদ দেশের ফার্নিচার শিল্পের সামগ্রীক উন্নয়ন কল্পে গৃহীত নানাবিধ কর্ম পরিকল্পনা এখন বাস্তবায়ন করছে। ধারাবাহিক নিউজ লেটার প্রকাশের এই তৃতীয় সংখ্যা সমিতির কর্মকান্ডের কিছু দিক সংশ্লিষ্ট সকলের কাছে প্রকাশে ভূমিকা রাখবে এই আশা করছি। সমিতি বিগত দু'বছর জাতীয় ফার্নিচার মেলা আয়োজন সহ নানাবিধ প্রশিক্ষন ও কর্মশালা বাস্তবায়নে সচেষ্ট হয়েছে। ইতোমধ্যে ফার্নিচার মালিক সমিতির ওয়েব ডাঁটাবেইজের কাজ সমাপ্ত হতে চলেছে।

দেশে ও বিদেশে আমাদের ফার্নিচার বাজারের প্রসারে প্রতিবন্ধকতা গুলো চিহ্নিত করনসহ বিবিধ সমস্যা সমাধানে সরকারের দৃষ্টি আকর্ষনের চেষ্টা চালাচ্ছে সমিতি। দেশে বিদেশে ফার্নিচার সংক্রান্ত মেলার তথ্য ও ফার্নিচার প্রস্তুতে ব্যবহৃত উন্নত প্রযুক্তি সংক্রান্ত তথ্য সম্বলিত এই তৃতীয় নিউজ লেটার প্রকাশের সর্বাঙ্গিন সফলতা কামনা করছি।

সেলিম এইচ রহমান
চেয়ারম্যান
বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি

## শিল্প মন্ত্রণালয়ের এনপিও এর কর্মশালা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের ন্যাশনাল প্রডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) ও বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি গত ২০-২২ মে ২০১৪ইং তারিখে সমিতির প্রধান কার্যালয়ে "কারখানা পর্যায়ে উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল" বিষয়ক তিন দিন ব্যাপি একটি কর্মশালার আয়োজন করে। কর্মশালায় ৪৮টি ফার্নিচার প্রস্তুতকারক প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উৎপাদনশীলতার মূল ধারনা, উৎপাদনশীলতা উন্নয়নে কাইজেন ও জাপানী ফাইভ এস পদ্ধতি, ওয়েস্ট ম্যানেজমেন্ট, সুষ্ঠু মেশিন ব্যবস্থাপনায় টিপিএম ও উৎপাদনশীলতা উন্নয়নে সাজেশন স্কীম বিষয়ে প্রশিক্ষন প্রদান করা হয়। ২২ মে ২০১৪ইং তারিখে কর্মশালার সমাপনী অনুষ্ঠানে সমিতির চেয়ারম্যান, মহা-সচিব, সাংগঠনিক সম্পাদক এবং বাণিজ্য মন্ত্রণালয়ের উর্ধ্বতন প্রতিনিধির উপস্থিতিতে কোর্সের মূল্যায়ন ও অংশগ্রহণ কারীদের মধ্যে সনদ পত্র বিতরণ করা হয়।

আগামী ৮-৯ সেপ্টেম্বর ২০১৪ইং তারিখে এনপিও ও ফার্নিচার শিল্প মালিক সমিতির উদ্যোগে সমিতি কার্যালয়ে ২দিন ব্যাপি "কারখানা পর্যায়ে কাইজেন পদ্ধতিতে উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল" শীর্ষক অপর একটি কোর্স আয়োজন করা হয়েছে। উক্ত কোর্সে কাইজেন পদ্ধতি বাস্তবায়নে ফাইভ এস, উৎপাদনশীলতা উন্নয়নে কাইজেন, মেশিন ব্যবস্থাপনা, কাইজেন টুলস্ কিট ও সংযোজিত মূল্যে উৎপাদনশীলতা বিষয়ে গুরুত্ব আরোপ করা হবে।

## মহা-সচিবের বক্তব্য



বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতির বর্তমান পরিষদ এই শিল্পের উন্নয়নের স্বার্থে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। এই উন্নয়নের ধারা অনুযায়ী নিউজ লেটারের প্রকাশনার কার্যক্রম বাস্তবায়িত হয়েছে। ধারাবাহিক এই নিউজ লেটার এই শিল্পের বিকাশের ক্ষেত্রে একটি অগ্রণী ভূমিকা পালন করবে। দেশের সর্বত্র ছড়িয়ে থাকা বড়, মাঝারি ও ক্ষুদ্র ফার্নিচার শিল্প গুলো বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতির কার্যক্রম সম্পর্কে জানতে পারবে।

তৃতীয়বারের মত প্রকাশিত এই নিউজ লেটার প্রকাশের উদ্যোগ আরও ফলপ্রসূ হবে, এই আমার দৃঢ় বিশ্বাস।

মোঃ ইলিয়াস সরকার
মহা-সচিব
বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি

## ইফতার ও দোয়া মাহফিল




গত ১৯ জুলাই ২০১৪ তারিখে সমিতির গুলশানস্থ প্রধান কার্যালয়ের সেমিনার কক্ষে বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি ও বাংলাদেশ ফার্নিচার এক্সপোর্টার্স এসোসিয়েশনের যৌথ উদ্যোগে ফার্নিচার শিল্পের নেত্রিবৃন্দদের উপস্থিতিতে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মাহফিলে ফার্নিচার শিল্প মালিক সমিতির চেয়ারম্যান জনাব সেলিম এইচ. রহমান ও ফার্নিচার এক্সপোর্টার্স এসোসিয়েশনের চেয়ারম্যান এবং ফার্নিচার শিল্প মালিক সমিতির সিনিয়র ভাইস চেয়ারম্যান জনাব কে. এম. আকতারুজ্জামান সহ ফার্নিচার শিল্প মালিক সমিতির মহা-সচিব জনাব ইলিয়াস সরকার, সাংগঠনিক সম্পাদক জনাব এ করিম মজুমদার, ভাইস চেয়ারম্যান জনাব আব্দুল আউয়াল এবং বিভিন্ন আঞ্চলিক কমিটির সভাপতি বৃন্দ সহ অন্যান্য নেত্রিবৃন্দ উপস্থিত ছিলেন। মাহফিলে বাংলাদেশ ফার্নিচার শিল্পের সামগ্রিক উন্নয়নের জন্য দোয়া করা হয়।

## www.bfioa.org

বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতির নিজস্ব ওয়েব সাইট (www.bfioa.org) নভেম্বর ২০১৪ এ উদ্বোধন করা হবে। এ লক্ষ্যে সমুদয় কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে।

## শিল্প মন্ত্রনালয় ও ইউরোপিয়ান ইউনিয়নের প্রকল্প সহায়তা

বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতির ব্যবস্থাপনা ও কারিগরী সক্ষমতা বৃদ্ধির লক্ষে দুই বছর মেয়াদী একটি প্রকল্পে ইউরোপিয়ান ইউনিয়ন ও শিল্পমন্ত্রনালয় যৌথ ভাবে আর্থিক সহায়তা দিয়েছে। সমিতির নিজস্ব ব্যবস্থাপনায় প্রনিত এই প্রকল্প পরিকল্পনায় তিনটি বিষয় প্রাধান্য দিয়ে সমিতির সক্ষমতা বৃদ্ধিকল্পে এ প্রকল্পটি বর্তমানে বাস্তবায়িত হচ্ছে। ঢাকা ও চট্টগ্রাম সহ রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল, বগুড়া ও নোয়াখালী অঞ্চলের ক্ষুদ্র ও মাঝারি ফার্নিচার প্রস্তুত কারক প্রতিষ্ঠান সমূহকে ফার্নিচার তৈরীর প্রযুক্তি নির্ভর প্রশিক্ষন দানের উদ্দেশ্যে একজন সিনিয়র প্রশিক্ষকের তত্বাবধায়নে পাঁচ জন প্রশিক্ষক তৈরীর প্রশিক্ষন এখন বাস্তবায়িত হচ্ছে। আগামী অক্টোবর থেকে উল্লেখিত অঞ্চল সমূহে এই প্রশিক্ষকদের দ্বারা ক্ষুদ্র ও মাঝারি প্রস্তুতকারদের পর্যায়ক্রমে প্রশিক্ষন প্রদান করা হবে। উল্লেখ্য, গত নভেম্বরে চালু হওয়া এই প্রকল্পটি ২০১৫ সালের নভেম্বর পর্যন্ত কর্মকান্ড চালাবে। এই কর্মাকান্ডের পাশাপাশি প্রকল্পের অধীনে ফার্নিচার রপ্তানী ক্ষেত্র প্রসারে নীতি নির্ধারনে প্রয়োজনীয় সহায়তা সহ জাতীয় পর্যায়ে ফার্নিচার শিল্পের গুরুত্ব বৃদ্ধিতে গোলটেবিল বৈঠক ও সেমিনার আয়োজন করা হবে।

উপরন্ত এই প্রকল্পের সহায়তায় সমিতির নিয়মিত নিউজলেটার ও ওয়েব ডাটাবেজের কাজ বাস্তবায়ন করা হবে।



শিল্প মন্ত্রণালয়ে ইন্সপায়ার্ড প্রজেক্টের অধীনে প্রকল্প সহায়তা বিষয়ক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান



প্রজেক্ট সহযোগী প্যাসিফিক ফার্নিচার লিঃ এর ট্রেনিং সেন্টারে ফার্নিচার প্রশিক্ষক তৈরীর প্রশিক্ষন কার্যক্রম

## ১২তম জাতীয় ফার্নিচার মেলা ২০১৪




গত ১৫ থেকে ১৯ এপ্রিল ২০১৪ পর্যন্ত ১২তম জাতীয় ফার্নিচার মেলা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি আয়োজিত ৫ দিন ব্যাপি এ মেলার উদ্বোধন করেন কাজী আকরাম উদ্দিন আহমেদ, সভাপতি, এফবিসিসিআই। এ ছাড়া উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব শুভাশীষ বসু, ভাইস চেয়ারম্যান, রপ্তানী উন্নয়ন ব্যুরো। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব সেলিম এইচ রহমান, চেয়ারম্যান, বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি।

এই মেলায় অংশগ্রহণ করে দেশের ৬০টি শীর্ষ স্থানীয় ফার্নিচার প্রস্তুতকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠান গুলোর সেরা পণ্য মেলায় প্রদর্শিত হয়। পর্যায়ক্রমে এই মেলার আয়োজনের মাধ্যমে ফার্নিচার সেক্টর ধারাবাহিক ভাবে সফলতা অর্জন করেছে।






## বার্ষিক সাধারন সভা ২০১৪

বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতির বার্ষিক সাধারন সভা আগামী ১৩-০৯-২০১৪ তারিখ রোজ শনিবার বিকাল ৪:০০ ঘটিকায় সমিতির কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত হবে। এই সভায় আলোচ্য বিষয় সমূহ হলো ঃ

১। বার্ষিক প্রতিবেদন পেশ ২। নতুন কার্যনির্বাহী পরিষদ নির্বাচন কল্পে নির্বাচন কমিশন গঠন ৩। সাংগঠনিক তৎপরতা গতিশীল করন ও বিবিধ।

## বাংলাদেশ ফার্নিচার এন্ড ইন্টেরিয়র ডেকোর এক্সপো-২০১৪




গত ২৩-২৫ মার্চ ২০১৪ইং তারিখে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হয়ে গেল বাংলাদেশ ফার্নিচার এন্ড ইন্টেরিয়র ডেকোর এক্সপো-২০১৪ । বাংলাদেশ ফার্নিচার এক্সপোর্টার্স এসোসিয়েশন, রপ্তানী উন্নয়ন ব্যুরো, বাংলা ক্রাফট্, বাংলাদেশ জুট ডাইভারসিফায়েড পণ্য উৎপাদক ও রপ্তানী কারক সমিতি এবং বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতির যৌথ উদ্যোগে এবং জেডিপিসির কারিগরী সহায়তায় তৃতীয় বারের মতো আয়োজিত হলো এই এক্সপোটি। দেশের শীর্ষ স্থানীয় ১৪টি ফার্নিচার প্রস্তুতকারক প্রতিষ্ঠান এবং ৩৬টি ইন্টেরিয়র ডেকর পণ্য প্রস্তুতকারক প্রতিষ্ঠানের অংশগ্রহনে অনুষ্ঠিত এই এক্সপোটি উদ্বোধন করেন বাংলাদেশ সরকারের মাননীয় বাণিজ্য মন্ত্রি জনাব তোফায়েল আহমেদ এম. পি.।

ভারত, জাপান, চীন, মধ্যপ্রাচ্য, যুক্তরাষ্ট্র, থাইল্যান্ড, যুক্তরাজ্য সহ পৃথিবীর বিভিন্ন দেশ থেকে এই মেলায় ক্রেতাদের সমাগম হয়েছে। আগামী ২৪-২৬ মার্চ ২০১৫ ইং তারিখে বাংলাদেশ ফার্নিচার এন্ড ইন্টেরিয়র ডেকোর এক্সপো-২০১৫ এর পরবর্তী আয়োজনের ঘোষনার মাধ্যমে মেলাটির সফল সমাপ্তি ঘোষনা করা হয়।

## ফার্নিচার সেক্টরের জন্য ইন্ডাষ্ট্রি স্কিল্স কাউন্সিল গঠন


ফার্নিচার ইন্ডাষ্ট্রি স্কিল্স কাউন্সিল কমিটি নির্বাচন

বাংলাদেশ সরকার, আই. এল. ও. এবং ইউরোপিয়ান ইউনিয়নের কারিগরি ও ভকেশনাল শিক্ষা এবং প্রশিক্ষন পূণর্গঠনের লক্ষ্যে স্কিলফুল প্রজেক্টের আওতায় গত ২৩ জুন ২০১৩ এ গঠিত হয়েছে ফার্নিচার সেক্টরের জন্য ইন্ডাষ্ট্রি স্কিল্স কাউন্সিল। সর্ব সম্মতিক্রমে ১১ সদস্যের এই কাউন্সিলের সভাপতি নির্বাচিত হন বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতির ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আবু ইউসুফ। উক্ত কাউন্সিল আগামী বছর গুলোতে ফার্নিচার সেক্টরের জন্য দক্ষ জনশক্তি তৈরীর লক্ষ্যে বিভিন্ন কারিগরি ও ভকেশনাল প্রশিক্ষনের ক্ষেত্র তৈরী সহ প্রশিক্ষন সেন্টার তৈরীর জন্য কাজ করবে।

## শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে ফার্নিচার সেক্টরে দক্ষ জনশক্তি তৈরীর উদ্যোগ

শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে কারিগরি শিক্ষা অধিদপ্তর স্কিল্স ডেভেলপমেন্ট প্রজেক্টের আওতায় ফার্নিচার সমিতির সহযোগীতায় দেশের বিভিন্ন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে উড ওয়ার্কিং এর উপর বিভিন্ন মেয়াদের ভকেশনাল প্রশিক্ষনের উদ্যোগ গ্রহন করেছে। এ উপলক্ষ্যে অধুনা কারিগরি শিক্ষা অধিদপ্তরের সাথে বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি একটি চুক্তি স্বাক্ষর করে। এর ধারাবাহিকতায় গত ১লা এপ্রিল ২০১৪ থেকে ৩০ জুন ২০১৪ তারিখে বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইন্সটিটিউট (কাপ্তাই), বাংলাদেশ - কোরিয়া টিটিসি মিরপুর এবং ভকেশনাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট বগুড়াতে কার্পেন্টার কাম উড ওয়ার্ক মেশিন অপারেটর কোর্স প্রশিক্ষন প্রদানের ব্যবস্থা করা হয়েছিল। ভবিষ্যতেও ধারাবাহিক ভাবে এধরনের কোর্স চালুর ব্যবস্থা এখন বাস্তবায়নাধীন রয়েছে।

## ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০১৪ - ফার্নিচার প্রতিষ্ঠান গুলোর উপস্থিতি


আকতার ফার্নিশার্স লিঃ



ব্রাদার্স ফার্নিচার লিঃ



হাতিল কমপ্লেক্স লিঃ



নাদিয়া ফার্নিচার লিঃ


পারটেক্স ফার্নিচার লিঃ



নাভানা ফার্নিচার

১০ জানুয়ারী ২০১৪ থেকে ঢাকায় অনুষ্ঠিত হয়ে গেল ১ মাস ব্যাপি আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০১৪। বৃহৎ এই মেলায় দেশী ও বিদেশী অনেক স্বনামধন্য প্রতিষ্ঠান অংশগ্রহণ করেছে। প্রতি বছরের মত এ বছরও ফার্নিচার সেক্টরের স্বনামধন্য অনেক প্রতিষ্ঠান মেলায় অংশগ্রহণ করেছে। প্রতিষ্ঠান গুলোর মেলায় অংশগ্রহনের মূল উদ্দেশ্য দেশীয় বাজারের পাশাপাশি বহিঃ বিশ্বে এই শিল্পকে প্রসারিত করা। এ মেলায় দেশী-বিদেশী প্রচুর ক্রেতা সমাগম ঘটে। মেলায় অংশগ্রহণকারী ফার্নিচার প্রতিষ্ঠান গুলোর মধ্যে হাতিল কমপ্লেক্স লিঃ, আকতার ফার্নিশার্স লিঃ, ব্রাদার্স ফার্নিচার লিঃ, নাদিয়া ফার্নিচার লিঃ, পারটেক্স ফার্নিচার লিঃ, নাভানা ফার্নিচার লিঃ উল্লেখযোগ্য।

## বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতির বার্ষিক প্ল্যান ২০১৪

বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতির নবনির্বাচিত পরিষদ এ শিল্পের উন্নয়নের স্বার্থে ২০১৪ সালের জন্য একটি বার্ষিক পরিকল্পনা তৈরী করেন। এই পরিকল্পনার অন্তর্ভুক্ত বিষয় সমূহ গুলো হলো ঃ

১। নিউজ লেটার পাবলিকেশন
২। বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতির অঞ্চল ভিত্তিক ভিজিট
৩। ট্রেনিং ওয়ার্কশপ মেশিন ও ফিনিশিং
৪। ট্রেনিং ওয়ার্কশপ, এনপিও
৫। ওয়েব ডাটাবেজ উদ্বোধন
৬। বার্ষিক মেলা
৭। নতুন কার্যনির্বাহী কমিটি নির্বাচন আয়োজন।

## নিউজ লেটার প্রকাশনা কমিটি

- **মোঃ আহসান হাবিব**
  প্রচার ও প্রকাশনা সচিব, বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি
- **আলহাজ্ব মোহাম্মদ উল্লাহ**
  অর্থ সচিব, বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি
- **মোঃ দেলোয়ার হোসেন**
  সহ প্রচার ও প্রকাশনা সচিব, বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি
- **মোঃ মোতাহার হোসেন রনি**
  সদস্য, বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি
- **মোঃ সাইফুদ্দিন চৌধুরী দুলাল**
  সদস্য, বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি
- **মোঃ মাহবুব হোসেন**
  সদস্য, বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি

## চট্টগ্রাম ফার্নিচার মার্কেটে ভয়াবহ অগ্নিকান্ড

গত ২৭ অক্টোবর ২০১৩ চট্টগ্রামের আসকার দীঘির পাড় এলাকায় এক অগ্নিকান্ডে ১২টি ফার্নিচার শো-রুম সম্পূর্ণ ভাবে ভষ্মিভূত হয়। আনুমানিক প্রায় ২৫ কোটি টাকার সম্পদের এই ক্ষয়ক্ষতিতে ফার্নিচার ব্যবসায়িদের মধ্যে শোকের ছায়া নেমে আসে। বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতির চট্টগ্রাম কমিটির সভাপতি জনাব সৈয়দ এ.এস.এম নুর উদ্দীন এর নেত্রীত্বে কেন্দ্রিয় কমিটির উর্ধ্বতন নেত্রীবৃন্দ তাৎক্ষনিক ভাবে ছুটে গিয়েছিল ক্ষতিগ্রস্থদের পাশে সমবেদনা জানাতে। এই অপূরনীয় ক্ষতি কাটাতে যথাসম্ভব অর্থনৈতিক সহযোগীতার ব্যবস্থা করে ফার্নিচার সমিতি।





## ফার্নিচার ট্রেড ফেয়ার দেশে দেশে

| ইভেন্টের নাম | মেলা / ইভেন্টের ধরন | স্থান ও সময় | ওয়েব ঠিকানা |
|---|---|---|---|
| আই এম এম, কোলন ২০১৫ | ফার্নিচার ও মেশিনারিজ | জার্মানী, কোলন<br>১৯ - ২৫ জানুয়ারী ২০১৫ | www.imm-cologne.com |
| দিল্লি উড ২০১৫ | ফার্নিচার মেশিনারিজ, কাঠ ও কাঠ প্রক্রিয়াকরন যন্ত্রপাতি | ভারত, গ্রেটার নদিয়া<br>৪ - ৭ ফেব্রুয়ারী ২০১৫ | www.delhi-wood.com |
| আমবিয়ান্তে ফ্রাঙ্কফুর্ট ২০১৫ | ফার্নিচার / ইন্টেরিয়র | জার্মানী, ফ্রাঙ্কফুর্ট<br>১৩ - ১৭ ফেব্রুয়ারী ২০১৫ | www.ambiente.messefrankfurt.com |
| এমআইএফএফ ২০১৫ | ফার্নিচার | মালয়েশিয়া, কুয়ালালামপুর<br>৩ - ৭ মার্চ ২০১৫ | www.miff.com.my |
| টিআইএফএফ ২০১৫ | ফার্নিচার | থাইল্যান্ড, ব্যাংকক<br>১১ - ১৩ মার্চ ২০১৫ | www.thailandfurniturefair.com |
| আইএফএফআইএনএ ২০১৫ | ফার্নিচার / ক্রাফ্ট | ইন্দোনেশিয়া, জাকার্তা<br>১১ - ১৪ মার্চ ২০১৫ | www.iffina-indonesia.com |
| বাংলাদেশ ফার্নিচার এন্ড ইন্টেরিয়র ডেকোর এক্সপো ২০১৫ (বিএফআইডিই) | ফার্নিচার / ক্রাফ্ট / ইন্টেরিয়র | বাংলাদেশ, ঢাকা<br>২৪ - ২৬ মার্চ ২০১৫ | www.bfidexpo.com |
| স্যালন ডি মোবাইল মিলান ২০১৫ | ফার্নিচার | ইটালী, মিলান<br>১৪ - ১৯ এপ্রিল ২০১৫ | www.cosmit.it |

নিউজলেটারটি নিম্নের প্রকল্প সহায়তার অধীনে উদ্যোগকৃত ও মুদ্রিত

**Bangladesh INSPIRED**
*Developing SMEs*

প্রজেক্ট ঃ বিল্ডিং ক্যাপাসিটি অব বাংলাদেশ ফার্নিচার ইন্ডাষ্ট্রিজ ওনার্স এসোসিয়েশন

আর্থিক সহায়তায়
The European Union
Ministry of Industries

বাস্তবায়নে
BFIOA